বাংলাদেশ সুপ্রীম কোর্ট
আপীল বিভাগ, ঢাকা।
www.supremecourt.gov.bd

তারিখঃ ২৬ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
১০ আগস্ট ২০২৬ খ্রিষ্টাব্দ

## শোকবার্তা

জামালপুর জেলা ও দায়রা জজ আদালতে কর্মরত বিজ্ঞ সিভিল জজ একেএম সামিউল হক অদ্য ১০ আগস্ট ২০২৬ খ্রি. রোজ সোমবার আনুমানিক ভোর ৪:০০ ঘটিকায় সড়কপথে ঢাকা থেকে জামালপুরে গমনকালে জামালপুরের লাহিড়ীকান্দা এলাকায় এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় মৃত্যুবরণ করেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ২৭ বছর ৭ মাস।

তাঁর এই অকাল মৃত্যুতে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি গভীর শোক প্রকাশ করেছেন। তিনি মরহুমের রুহের মাগফিরাত কামনা করেছেন এবং শোকসন্তপ্ত পরিবার-পরিজনের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেছেন।

উল্লেখ্য, একেএম সামিউল হক ১৭তম বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (বিজেএস) পরীক্ষার মাধ্যমে ২০২৫ সালের ডিসেম্বর মাসে বিচার বিভাগে যোগদান করেন এবং জামালপুর জেলা ও দায়রা জজ আদালতে সিভিল জজ হিসেবে দায়িত্ব পালন করছিলেন।

১০/০৮/২৬
মোঃ শফিকুল ইসলাম
গণসংযোগ কর্মকর্তা
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
আপীল বিভাগ, ঢাকা।

CamScanner